# কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম

স্মারক নং- ৪৬.০৩.৪৯৫২.১১১.৮৭.৭৯.২৬.১১১৬ তারিখঃ ৩০/০৭/২০২৬

## পুণঃ ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম পৌরসভাধীন ওয়াশিং ব্রেরিয়ার (কেন্দ্রীয় বাস টার্মিনালের দক্ষিন-পশ্চিম অংশে) টি নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ০১/০৯/২০২৬ খ্রিঃ হইতে ৩১/০৮/২০২৭ খ্রিঃ পর্যন্ত ১২ (বার) মাস মেয়াদে (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে) পূণঃ ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহনে ইচ্ছুক/আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত দরপত্র ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

| ইজারা মহলের নাম | সরকারি মূল্য | দরপত্রের মূল্য | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বিক্রয়ের স্থান ও সময় | দরপত্র দাখিল ও খোলার স্থান |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ওয়াশিং ব্রেরিয়ার (কেন্দ্রীয় বাস টার্মিনালের দক্ষিন-পশ্চিম অংশে) | ২৫৭০০/- (পঁচিশ হাজার সাতশত) টাকা | ১,০০০/- (এক হাজার) টাকা | ১ম বার ১৬/০৮/২৬<br>২য় বার ২৫/০৮/২৬<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১ম বার ১৭/০৮/২০২৬<br>২য় বার ২৬/০৮/২৬<br>দরপত্র দাখিলের সময় বেলা ১.০০ (এক) ঘটিকা পর্যন্ত। | জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম ও কুড়িগ্রাম পৌরসভা কার্যালয় কুড়িগ্রাম।<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম ও কুড়িগ্রাম পৌরসভা কার্যালয় কুড়িগ্রাম।<br>খোলার সময় ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকা। |

### শর্তাবলী ঃ

১। দরপত্রে দরদাতার পুর্ন নাম, পিতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং দরের পরিমান স্পষ্ট অক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা এবং অস্পষ্টতা গ্রহন যোগ্য হবে না।

২। দরপত্র ক্রয়ের জন্য যে কোন স্থানীয় তফসীলি ব্যাংক হতে ০৩ নং কলামে উল্লেখিত মূল্যে প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভা বরাবর পে-অর্ডার, বিডি করে দরপত্র ক্রয় করতে হবে।

৩। দরপত্রের সহিত দরদাতা কর্তৃক দাখিলকৃত দরের উপর ১০০% ভাগ অর্থ ইজারা মূল্য এবং দাখিলকৃত দরের উপর আয়কর বাবদ ১০% এবং ভ্যাট বাবদ ১৫% অর্থ কোন স্থানীয় তফসীলি ব্যাংক হতে পৃথক পৃথক বি.ডি/পে-অর্ডার আকারে প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভা, বরাবরে/অনুকূলে দাখিল করতে হবে

৪। দরপত্র কুড়িগ্রাম পৌরসভা কার্যালয় এবং জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে উপরোক্ত সময়সূচী মোতাবেক দাখিল করা যাবে। রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহন করা হইবে এবং ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতা গনের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৫। ওয়াশিং ব্রেরিয়ার পরিস্কার পরিচ্ছন্নতা, মিটার, মটর এবং ঘর নিজ খরচে করতে হবে। মেয়াদঅন্তে আপনার ক্রয়কৃত মালামাল এবং ঘর অপসারণ করতে হবে।

৬। ওয়াশিং ব্রেরিয়ারের ফি (বড় গাড়ি প্রতি ৫০/- এবং ছোট গাড়ি প্রতি ৩৫/-) টাকা আদায় করতে হবে। ইজারা গ্রহনকারী কৃর্তক ওয়াশিং ব্রেরিয়ারের ব্যায়িত বিদ্যুৎ বিল নিজ দায়িত্বে প্রতিমাসে পরিশোধ করতঃ বিদ্যুৎ বিলের কাগজ সংশ্লিষ্ট শাখায় (কর আদায় শাখা) জমা করতে হবে।

৭। ইজারদারকে নিজ খরচে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি পত্র সম্পাদন করতে হবে।

৮। পৌর কর্তৃপক্ষ, সরকারী কর্মকর্তা/কর্মচারী যে কোন সময় ওয়াশিং ব্রেরিয়ারের টোল আদায়ের স্থান পরিদর্শনের ক্ষমতা সংরক্ষন করেন।

৯। কাঙ্খিত দর পাওয়া না গেলে দাখিলকৃত দরের মধ্যে সর্ব্বোর্চ দরদাতার দর বিবেচনায় রেখে কর্তৃপক্ষ পূণরায় দরপত্র আহবান করতে পারবেন। এ ক্ষেত্রে দরদাতার কোন আপত্তি গ্রহনযোগ্য হবে না।

১০। দরপত্রের সহিত ব্যবসার চলতি সনের ট্রেড-লাইসেন্স এর সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করতে হবে।

১১। পৌর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল সহ বিজ্ঞপ্তি বাতিলের অথবা নতুন কোন শর্ত সংযোজনের ক্ষমতা রাখেন।

স্বা:-

প্রধান নির্বাহী কর্মকর্তা
কুড়িগ্রাম পৌরসভা।

স্মারক নং- ৪৬.০৩.৪৯৫২.১১১.৮৭.৭৯.২৬.১১১৬ তারিখঃ ৩০/০৭/২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রচারার্থে প্রেরিত হইলঃ-(জেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম
২। প্রশাসক, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
৩। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৪। প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
৬। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম।
৭। অফিসার ইনচার্জ, কুড়িগ্রাম থানা, কুড়িগ্রাম।
৮। প্রশাসকের কর্মসম্পাদনের সহায়তা কমিটির সদস্য (সকল), কুড়িগ্রাম পৌরসভা।
৯। নির্বাহী প্রকৌশলী, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম
১০। সভাপতি/সম্পাদক, জেলা মটর মালিক সমিতি, জেলা মটর শ্রমিক ইউনিয়ন, ট্রাক-ট্রাক্টর মালিক সমিতি, ট্রাক কাভার্ডভ্যান ও ট্রাক্টর শ্রমিক ইউনিয়ন কুড়িগ্রাম।
১১। www.pourashava.kurigram.gov.bd এ পাওয়া যাবে।
১২। নোটিশ বোর্ড, কুড়িগ্রাম পৌরসভা।
১৩। অফিস নথি।

প্রধান নির্বাহী কর্মকর্তা
কুড়িগ্রাম পৌরসভা।